# কাল্পনিক চরিত্র

রাত সারা রাত জেগেই কাটায়
সময় দ্বিপ্রহর,
ঘুমের চোখে ঘুম নেই আজ
ভোরের হয় না ভোর।

এলোমেলো সব কথার মালা
কথার কথা বটে,
ভাবনাগুলো ভাবতে বসে
এমনটাওতো ঘটে।

দিন বদলের দিন এলো আজ
পালা বদলের পালা,
মৌনতার এই মুখর ভাষায়
মন হল ঝালাপালা।

# # # # #

**উত্তরায়ণ দেব**
৭ই জানুয়ারি, ২০০৯/কলকাতা/অনির্বানের বাড়ি